[redacted]

[redacted]

[redacted]

[

আলমডাঙ্গার বাল্য বিয়ে পড়ালেন মোয়াজ্জেন মহাবুল

জন্ম সনদে বয়স বাড়িয়ে আলমডাঙ্গার হাঁটুভাঙ্গা গ্রামের ৯ম শ্রেণিতে পড়ুয়া সুমিকে বাল্যবিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে।

নিকাহ রেজিস্ট্রার না হওয়া সত্ত্বেও হাটবোয়ালিয়া জামে মসজিদের মোয়াজ্জিন মহাবুল ইসলামের বিরুদ্ধে এ বিয়ে পড়ানোর অভিযোগ উঠেছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের হাটুভাঙ্গা গ্রামের শহিদুল ইসলামের মেয়ে ছাফিয়া আক্তার সুমির বিয়ে দেওয়া হয়েছে গত ১ ডিসেম্বর পার্শ্ববর্তি কুয়াতলা গ্রামের মৃত আব্দুস সালামের ছেলের সাথে।

অভিযোগ উঠেছে হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৯ম শ্রেণীর ছাত্রী সুমির জন্ম সনদে বয়স বাড়িয়ে ওই বিয়ে দেওয়া হয়েছে।

মাধ্যমিক বিদ্যালয় সূত্রে জানা গেছে, ছাফিয়া আক্তার সুমির বয়স বিদ্যালয়ে রক্ষিত রেকর্ডে ১৫ বছর ৫ মাস। অন্যদিকে, জন্মসনদে সুমির বয়স দেখানো হয়েছে প্রায় ১৯ বছর ৮ মাস ২২ দিন।

এ জন্ম সনদে সংশ্লিষ্ট চেয়ারম্যান কাউসার আহমেদ বাবলু স্বাক্ষর করেছেন এ বছর ২৫ নভেম্বর।

এলাকাসূত্রে জানা যায়, ভাংবাড়িয়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার মোহাব্বত আলী।

কিন্তু হাটবোয়ালিয়া জামে মসজিদের মোয়াজ্জিন মহাবুল ইসলাম ছামিয়া আক্তার সুমির বাল্যবিয়ে পড়িয়েছেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি

অভিযান বন্ধের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান

জিকে সেচ প্রকল্পের প্রধান খালের (কুমার নদ) দুপাড় দখল করে গড়ে উঠা বসতবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠান উচ্ছেদ অভিযান বন্ধের দাবিতে আলমডাঙ্গায় মানববন্ধন কর্মসূচি পালন শেষে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করা হয়েছে।

গত ১ ডিসেম্বর বেলা ১১টার দিকে আলমডাঙ্গা শহরের হাইরোডে মানববন্ধন শেষে এ স্মারকলিপি প্রদান করা হয়েছে। স্বারকলিপিতে উল্লেখ করা হয়েছে যে,

আলমডাঙ্গায় জিকে প্রজেক্টের প্রধান খালের (কুমার নদ) পাড়ে বাস্তুভিটা নির্মাণ করে বসবাস করে আসছেন প্রায় ২ শ ছিন্নমূল পরিবার।

প্রায় ৩০/৪০ বছর আগে তারা বিভিন্ন এলাকা থেকে উদ্বাস্তুর মত এখানে এসে বসবাস শুরু করেন। বর্তমানে মা-বাপ, স্ত্রী-সন্তান সন্ততি নিয়ে কোন রকমে মাথা গোজার মত সংস্থান হয়েছে তাদের।

কুমার নদের তীরে পড়ে থাকা জমিতে তিলে তিলে নির্মাণ করেছেন মাথা গুজে থাকার মত আশ্রয়। অনেকে আবার ওয়াবদা কর্তৃপক্ষের নিকট থেকে লীজ গ্রহণ করেছেন।

সম্প্রতি জিকে প্রকল্পের প্রধান খালের জমি দখল করে গড়ে তোলা স্থাপনা উচ্ছেদের নোটিশ প্রদান করা হয়েছে।

তাদেরকে উচ্ছেদ করা হলে ভূমিহীন ও সহায় সম্বলহীন তারা কোথায় গিয়ে দাঁড়াবেন?

এমন মানবিক আর্তি প্রকাশ করে তারা উচ্ছেদ অভিযান বন্ধের জন্য জেলা প্রশাসকের হস্তক্ষেপ কামনা করেছেন।

জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারের নিকট এ স্মারকলিপি প্রদানের পূর্বে তারা আলমডাঙ্গা হাইরোডে মানববন্ধন কর্মসূচি পালন করেন।

অন্যান্যের মধ্যে এ মানববন্ধন কর্মসূচিতে উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক পৌর

কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক, কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন, উপজেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক শাহীন রেজা, যুবলীগ নেতা সাইফুর রহমান পিন্টু, আশরাফুল হক পিন্টু, আওয়ামী লীগ নেতা জাহাঙ্গীর আলম, খন্দকার মজিবুল ইসলাম প্রমুখ।

জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদানকালে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহি অফিসার লিটন আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি:

আলমডাঙ্গার ব্রাইট মডেল স্কুলের মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি লাভ

জেলার অন্যতম শীর্ষ শিক্ষা প্রতিষ্ঠান আলমডাঙ্গার ব্রাইট মডেল স্কুল মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি লাভ করেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ বেসরকারি মাধ্যমিক শিক্ষা-২ এর সিনিয়র সহকারি সচিব অসীম কুমার কর্মকার স্বাক্ষরিত এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

জেলার বৃহত্তর এ বিদ্যালয়টি মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি লাভ করায় সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীদের উল্লাস প্রকাশ করতে দেখা গেছে।

চুয়াডাঙ্গা জেলায় ব্রাইট মডেল স্কুল ছাড়াও কুষ্টিয়া জেলার কুমারখালীর কয়া চাইল হ্যাভেন গার্লস হাই স্কুল, রবীন্দ্র মডেল মাধ্যমিক বিদ্যালয়, খলনগর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, দৌলতপুরের দীঘলকান্দি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ভুরকাপাড়া নিম্ন মাধ্যমিক

বিদ্যালয়, ডিজিটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়,

মেহেরপুর জেলার কালিগাংনী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ জেলার পৌর মডেল স্কুল এন্ড কলেজ, যশোর জেলার মনিরামপুর উপজেলার চাঁন্দুয়া সমসকাটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, বালিধা আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, নড়াইল জেলার কালিয়ার পাঁচ গ্রাম উসমান গণি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়,

সাতক্ষীরা জেলার শীবপুর ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়, বাগেরহাট জেলার চিতলমারী পরাণপুর শহীদ শেখ আবু নাসের মাধ্যমিক বিদ্যালয়, খুলনার ফুলতলা রাহমানিয়া এলিমেন্ট্রি স্কুল, খুলনা কালেক্টরিয়েট পাবলিক স্কুল এন্ড কলেজ।

এছাড়া দুটি বিদ্যালয়ে নিম্ন মাধ্যমিক পর্যন্ত পাঠদানের অনুমতি প্রদান করা হয়েছে। এ দুটি শিক্ষা প্রতিষ্ঠান হল খুলনার ফুলতলা প্রস্তাবিত জাহানাবাদ ইংলিশ স্কুল ও সাতক্ষীরার শ্যামনগর মর্ডান স্কুল।

এদিকে, মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি লাভ করায় ব্রাইট মডেল স্কুলের পরিচালক জাকারিয়া হিরো বলেন, ব্রাইট মডেল স্কুল জেলায় সর্বাধিক ভাল ফলাফল অর্জনের পরও মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি ছিল না বলে নানা ধরণের বিড়ম্বনার শিকার হতে হচ্ছে। এখন থেকে আর সে অসুবিধাগুলি আর থাকবে না।

আলমডাঙ্গা প্রতিনিধি:

জীবননগরে ঔষধ ফার্মেসীতে জরিমানা

জীবননগরে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রি করার অপরাধে এক ঔষধ ফার্মেসীতে ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল সোমবার বেলা ১২টার সময় জীবননগর পৌর শহরে এ অভিযান

পরিচালনা করা হয়।

এ সময় জীবননগর পৌর শহরের পোস্ট অফিসের সামনে তরফদার মেডিসিন হাউজে অভিযান পরিচালনা করে মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও ফ্রি স্যামপোলের ঔষধ বিক্রি করার অপরাদে তরফদার মেডিসিন হাউজের মালিক ইব্রাহিম খলিলকে ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ১৫ দিনের কারাদন্ড প্রদান করা হয়।

জীবননগর থানা পুলিশের সহযোগিতায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সিরাজুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ড্রাগ সুপার সুকর্ণ আহম্মেদ।

- জীবননগর প্রতিনিধি:

চুয়াডাঙ্গায় ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণ, প্রতিকারের চেষ্টা

চুয়াডাঙ্গা জেলার ভূট্টা ক্ষেত গুলোতে ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণ দেখা দিয়েছে। এতে করে মারাত্মক ক্ষতির আশংকা করছেন কৃষকরা। নতুন ধরণের এ পোকার আক্রমণ থেকে রক্ষা পেতে কৃষকরা ছুটছেন কৃষি বিভাগের কাছে।

এ অবস্থায় কৃষকদের এ সমস্যা থেকে উত্তোরণের জন্য আক্রান্ত এলাকাসহ সকল এলাকার কৃষকদের সচেতন করতে কৃষি বিভাগের সাথে সমন্বিত পদক্ষেপ নিয়েছে একটি বেসরকারি প্রতিষ্ঠান।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতে, বাংলাদেশের সর্বাধিক ভূট্টা উৎপাদনের জেলা হিসেবে ইতিমধ্যেই পরিচিতি পেয়েছে চুয়াডাঙ্গা জেলা। চলতি বছরেও চুয়াডাঙ্গা জেলাতে প্রায় ৪০ হাজার হেক্টর জমিতে ভূট্টার আবাদ হয়েছে।

গত বছরের নভেম্বরে হঠাৎ করেই এ জেলার কিছু ক্ষেতে ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণ দেখা দেয়। নতুন ধরণের এ পোকা দমনে কৃষকদের কোনো পূর্ব অভিজ্ঞতা না থাকায় তারা চিন্তিত হয়ে পড়েন। কৃষি বিভাগ কৃষকদের পাশে দাঁড়িয়ে সে সময় তাদের সব ধরণের পরামর্শ প্রদান করেন। এ অবস্থায় চলতি বছর আগের তুলনায় কিছুটা বেশি মাত্রায় ভূট্টা ক্ষেতে ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণ দেখা দেয়।

কৃষি বিভাগ জানায়, ফল আর্মি ওয়ার্ম পোকাটি মূলত ভারত থেকে আমাদের দেশে প্রবেশ করেছে বলে ধারণা করা হচ্ছে। এ অবস্থায় আন্তর্জাতিক ভূট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিট) ইউএসএইড’র সহযোগিতায় খুলনা বিভাগের বিভিন্ন জেলায় কর্মরত কৃষি বিভাগের বেশ কিছু কর্মকর্তা ও কৃষকদের সচেতনতামূলক প্রশিক্ষণের আয়োজন করে। ২০ দিনব্যাপি ৬টি সেশনে এসব কর্মকর্তা ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

সামিটের হাব কো-অর্ডিনেটর খন্দকার শফিকুল ইসলাম বলেন, কৃষকরা একটু সচেতন হলেই এ বিষয়ে খুব একটা চিন্তার কারণ নেই। যেহেতু কৃষকদের এ পোকা সর্ম্পকে অজানা রয়েছে এ কারণে প্রাথমিকভাবে তাদের প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হচ্ছে।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক ড. সৈয়দ নূরুল আলম বলেন, ফল আর্মিওয়ার্ম পোকা চুয়াডাঙ্গা জেলাতে আগের বছরের তুলনায় বেশি মাত্রায় আক্রমণ করেছে। এ কারণে এ জেলা থেকে যাতে অন্য জেলাতে পোকাটি ছড়িয়ে না পড়ে সেদিকে আমাদের খেয়াল রাখতে হবে এবং পোকাটি দমন করতে হবে।

- জামান আখতার, চুয়াডাঙ্গা

সীমান্তে নারী-শিশু পাচার মাদক চোরাচালান রোধে জনসচেতনতা

মূলক সভা

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের দর্শনা সীমান্তবর্তী আকন্দবাড়িয়া এলাকায় জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আকন্দবাড়িয়া যুব সমাজের উদ্যোগে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকালে আকন্দবাড়িয়া ঈদগা মাঠে প্রকাশ বিশ্বাসের সার্বিক ব্যবস্থাপনায় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, খালিশপুর ব্যাটালিয়ন ৫৮ বিজিবি’র লেফটেন্যান্ট কর্ণেল মো. কামরুল হাসান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ৫৮ বিজিবির অতিরিক্ত পরিচালক মেজর কামরুল হাসান, ৫৮ বিজিবির সহকারী পরিচালক নজরুল ইসলাম, আমিরুল ইসলামের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন বেগমপুর ক্যাম্প ইনচার্জ এসআই রাজিবুল ইসলাম, টু আইসি আশরাফ আলী সাবেক ইউপি সদস্য ওমর আলী সহ এলাকার বিভিন্ন শ্রেণী-পেশার লোকজন উপস্থিত ছিলেন।

=দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গায় স্ত্রীর মর্যাদার দাবীতে স্বামীর বাড়িতে অবস্থান

আলমডাঙ্গায় স্ত্রীর মর্যাদার দাবীতে বিয়ের ১০ মাস পর স্বামীর বাড়িতে অবস্থান নিয়েছে শারীরিক প্রতিবন্ধি কলেজ ছাত্রী। ১০ বছর প্রেমের সম্পর্কের পর কয়েক মাস আগে গোপনে কোর্ট এফিডেভিট ও কাজী দিয়ে রেজিষ্ট্রির মাধ্যমে বিয়ে করে অস্বীকার করছে স্বামী ইয়াসির আরাফাত মুন্না। মাস দেড়েক আগে স্বামী অন্যত্র বিয়ের ঘটনা জানাজানি হলে গতকাল কলেজছাত্রী স্বামীর বাড়িতে উঠে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার পাঁচলিয়া মাঠপাড়ার খোয়াজ আলীর মেয়ে শারিরিক প্রতিবন্ধি কলেজছাত্রী মাথিনা খাতুন (২৪)“র সাথে ১০

বছর আগে আলমডাঙ্গা পৌর এরশাদপুর গ্রামের আব্দুল খালেকের ছেলে ইয়াসির আরাফাত মুন্নার সাথে প্রেমের সম্পর্ক গড়ে উঠে।

মুন্না পেশায় একজন গার্মেন্সস ব্যবসায়ী। বিয়ে না করেই মুন্না মাথিনাকে বিভিন্ন জায়গায় নিয়ে বেড়াতো। আলমডাঙ্গা এরশাদপুর চাতাল মোড়ের আমিরুলের বাড়িতে বাসা ভাড়া করেও ১ বছর রেখেছিল বলে জানা গেছে।
একপর্যায়ে ৭/১/২০১৯ তারিখে চুয়াডাঙ্গা থেকে নোটারী পাবলিকের কার্যালয় হতে এফিডেভিটের মাধ্যমে ৩লাখ টাকার কাবিন করে তারা বিয়ে করে। একই দিন আইলহাস ইউনিয়নের নিকাহ রেজিষ্ট্রার ওয়াশিকুর রহমানের নিকট থেকে বিবাহ রেজিষ্ট্রি করে।

বিয়ের ৭/৮ মাস পর আনুষ্ঠানিক ভাবে হরিনাকুন্ড এলাকায় ইয়াসির আরাফাত মুন্না পূনরায় বিয়ে করে। ২য় বিয়ে করার পর ঘটনা জানাজানি হলে মাথিনা স্ত্রীর মর্যাদার দাবি করে। মুন্না বিভিন্ন ভাবে তালবাহানা করতে থাকে। ২ ডিসেম্বর সকালে মাথিনা মুন্নার বাড়িতে স্ত্রীর মর্যাদার দাবীতে উঠে। মাথিনা ওই বাড়িতে উঠার সাথে সাথে তাকে বিভিন্ন ভাবে গালিগালাজ করতে থাকে।

ইয়াসির আরাফাত মুন্না দাবি করেন, আমি কোর্টে গিয়ে মাথিনাকে এফিডেভিট করে বিয়ে করিনি। আমাকে ফাঁসাতে মিথ্যা এফিডেভিট ও কাবিননামা করেছে।

মুন্নার পিতা আব্দুল খালেক বলেন, কোর্টে কাউকে সাজিয়ে নিয়ে গিয়ে স্বাক্ষর করিয়ে এফিডেভিট করেছে। কাবিন নামাটাও সঠিক নয়। এফিডেভিটের স্বাক্ষর ও কাবিন নামার স্বাক্ষর মুন্নার নয়। এবিষয়ে, নিকাহ রেজিষ্ট্রার ওয়াশিকুর রহমানের সাথে মোবাইলে যোগাযোগ করা হলে তিনি বলেন, ৭/১/১৯ তারিখে তিনি উভয়ের সম্মতিতে তাদের বিবাহ রেজিষ্ট্রি করেছেন।

সকাল থেকেই রাত অবধি এরশাদপুর গ্রামের মানুষসহ আশপাশের মানুষ ভিড় জমায় ঘটনাটি জানার জন্য মুন্নার বাড়ির সামনে। এ সংবাদ লেখাপর্যন্ত মাথিনা স্ত্রীর মর্যাদার দাবিতে তার স্বামীর বাড়িতে অবস্থান করছিল।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় এমপি ছেলুন ফুটবলে বাবুপাড়া একাদশ চ্যাম্পিয়ন

আলমডাঙ্গায় “এমপি ছেলুন” ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় আলমডাঙ্গা বাবুপাড়া একাদশ ৩-২ গোলে আলমডাঙ্গা ফ্রেন্ডস ক্লাব কে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

গতকাল সোমবার বিকেল ৩ টার দিকে আলমডাঙ্গা বড় ফুটবল মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।
খেলায় ম্যান অব দ্যা সিরিজের পুরস্কার পান ফ্রেন্ডস ক্লাবের পক্ষে জাতীয় দলের অনুর্ধ ১৬ দলের খেলোয়াড় সবুজ। ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার পান বাবুপাড়া একাদশের শমিম ও গোলকিপার সজিব।

এমপি ছেলুন ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন, জাতীয় সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার। তিনি বলেন, ফুটবল খেলা অত্যান্ত জনপ্রিয় খেলা, দেশে ফুটবল খেলার প্রচুর দর্শক আছে। আজ আলমডাঙ্গা ফুটবল মাঠে ফাইনাল খেলায় যে দর্শক হয়েছে, তাতে এই মাঠে আবারও প্রাণ ফিরে পাবে।

তিনি আরও বলেন, বর্তমান সরকার ফুটবল খেলার মান উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছে। বিশেষ করে দেশের প্রত্যেক উপজেলায় একটা করে স্টেডিয়াম নির্মাণ করা হচ্ছে। যুব সমাজকে বিপথ গামীর হাত থেকে রক্ষা করতে এর চাইতে আরকোন ভাল পদক্ষেপ হয়না।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আয়ুব হোসেন, পৌর মেয়র হাসান কাদীর গনু, জেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগ ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সম্পাদক পৌর কাউন্সিলর মতিয়ার রহমার ফারুক,

উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. খন্দকার সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, বনিক সমিতির সম্পাদক আলহাজ্ব মীর শফিকুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন।

সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলামের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বাংলাদেশ ফুটবল দলের সাবেক খেলোয়াড় লিটন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সাবেক ফুটবলার হামিদুল ইসলাম আজম, সাবেক ফুটবলার প্রভাষক শরিফুল ইসলাম, অ্যাড. সিরাজুুল ইসলাম, উপজেলা যুবলীগের সভাপতি আহসান উল্লাহ, আলইকরা ক্যাডেট একাডেমির অধ্যক্ষ এনামুুল হক, এস আই জিয়া, মাসুদ রানা তুহিন, আব্দুর রাজ্জাক রাজু, প্রভাসক মিজানুর রহমান, পরিমল কুমার ঘোষ, সিরাজুল ইসলাম ঢুনি, প্রমুখ।

খেলা পরিচালনা করেন আবুল হাসান, তবিবুল, ফিরোজ, মহসীন কামাল। খেলায় ধারাভাষ্যে ছিলেন হাফিজুর রহমান জীবন। খেলায় বাবুপাড়া একাদশ দল ৩-২ গোলে জয় লাভ করে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

কার্পাসডাঙ্গা বাঘাডাঙ্গায় তুচ্ছ ঘটনায় গৃহবধূকে বেধড়ক মারপিট, মামলার প্রস্তুতি

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামের মিশনপাড়ায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে গৃহবধূকে বেধড়ক মারপিট করার ঘটনা ঘটেছে।

জানা গেছে, গতকাল রোববার সন্ধ্যার দিকে বাঘাডাঙ্গা মিশন পাড়ার মৃত মনোরঞ্জন মন্ডলের ছেলে মাইকেলের সাথে একই পাড়ার মিত্তন মন্ডলের স্ত্রীর সাথে জমি জমা সংক্রান্ত একটি বিষয়ে বাতবিতন্ডা

বাধে।

এতে করে মাইকেল ক্ষিপ্ত হয়ে গৃহবধূকে বেধড়ক মারপিট করে জখম করে। গৃহবধূকে মারাত্বক জখম অবস্থায় উদ্ধার করে স্থানীয়রা। মাইকেল বিভিন্ন সময় গোষ্ঠিপালার দোহায় দিয়ে বিভিন্ন মানুষের সাথে ফ্যাসাদ সৃষ্টি করে বলে জানা গেছে।

এ ঘটনায় ভুক্তভোগী গৃহবধূর পরিবার দামুড়হুদা মডেল থানায় মামলার প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি